

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৪১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

بَابُ الدُّعَاءِ فِي التَّشَهُّدِ

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُعَلِّمُهُمْ هَذَا الدُّعَاءَ كَمَا يُعَلِّمُهُمُ السُّورَةَ مِنَ الْقُرْآنِ يَقُولُ: «قُولُوا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسْيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسْيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ» . رَوَاهُ مُسْلِمُ

#### বাংলা

৯৪১-[৩] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এ দু'আ শিক্ষা দিতেন যেমন তাদেরকে কুরআনের সুরাহ্ শিক্ষা দিতেন। তিনি বলতেন, তোমরা বলো,

''আল্লা-হুম্মা ইন্নী আ'ঊযুবিকা মিন 'আযা-বি জাহান্নাম, ওয়া আ'ঊযুবিকা মিন 'আযা-বিল কবরি, ওয়া আ'ঊযুবিকা মিন ফিতনাতিল মাসীহিদ দাজ্জা-ল ওয়া আ'ঊযবিকা মিন ফিতনাতিল মাহইয়া- ওয়াল মামা-তি''

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই জাহান্নামের শাস্তি হতে। তোমার কাছে আশ্রয় চাই কবরের শাস্তি হতে। তোমার নিকট আশ্রয় চাই দাজ্জালের পরীক্ষা হতে। তোমার কাছে আশ্রয় চাই জীবন ও মৃত্যুর পরীক্ষা হতে।)। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৫৯০, আবূ দাউদ ১৫৪২, নাসায়ী ২০৬৩, তিরমিয়ী ৩৪৯৪, আহমাদ ২১৬৮, সহীহ আত্ তারগীব ৩৬৫১।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: (کَانَ یُعَلِّمُهُمْ) তিনি তার সাহাবীগণকে ও তার পরিবারকে শিক্ষা দিতেন।

اَللَّهُمَّ اِنِّيْ اَعُوْذُ بِكَ مِنْ عَذَابٍ جَهَنَّمَ.

''আমি তোমার কাছে জাহান্নামের শাস্তি হতে আশ্রয় প্রার্থনা করছি''- কথাটি ইঙ্গিত বহন করে যে, জাহান্নামের শাস্তি হতে মুক্তির কোন উপায় নেই তার সৃষ্টিকারীর নিকট আশ্রয় চাওয়া ব্যতিরেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন